



# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ-২২২০

প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান  
ভাইস-চ্যান্সেলর

সূত্র নং-

তারিখ : .....

## পবিত্র ঈদুল আযহা উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর বাণী

ঈদ মোবারক। ঈদ মানে আনন্দ, ঈদ মানে খুশি। বছর ঘুরে আমাদের মাঝে আবার এসেছে পবিত্র ঈদুল আযহা।

করোনা ভাইরাস জনিত কারণে সৃষ্ট মহামারির এই দুঃসময়ে সকল আঁধার কাটিয়ে পবিত্র ঈদুল আযহা বয়ে আনুক অনাবিল আনন্দ।

এবারের কোরবানির ঈদ বিগত সময়গুলোর চেয়ে অনেকটাই ভিন্ন। ঈদুল আযহা এমন এক সময় আমাদের সামনে এসেছে যখন সারা বিশ্বের প্রতিটি মানুষ করোনা ভাইরাস নামক এক অদৃশ্য শক্তির সঙ্গে অসম লড়াইয়ে লিপ্ত আছে। স্বাস্থ্যবিধি ও শারীরিক দূরত্ব মেনে চলাসহ নানাবিধ বেড়াজালে মানুষের চলাচল এখন সীমিত। তবুও ধর্মীয় ও সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকে কোরবানির ত্যাগের মহিমায় উজ্জীবিত হয়ে আমাদের সকলকে দেশ ও দেশের মানুষের কল্যাণে আত্মনিয়োগ করতে হবে।

আমি আমার ব্যক্তিগত পক্ষ থেকে ও আমাদের এ মহান প্রতিষ্ঠান জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে সবাইকে পবিত্র ঈদুল আযহা শুভেচ্ছা জানাচ্ছি।

করোনা ভাইরাস মোকাবিলায় সকলে স্বাস্থ্যবিধি মেনে চলুন। ঘরে থাকুন, সুস্থ থাকুন ও নিরাপদে থাকুন।

বাংলাদেশ চিরজীবী হোক। আমাদের মহান প্রতিষ্ঠান জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় দীর্ঘজীবী হোক।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান

ভাইস-চ্যান্সেলর

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ- ২২২৪